

💵 ফাতাওয়া ও প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ রমাদান (রোযা) বিষয়ক রচয়িতা/সঙ্কলকঃ আব্দুল্লাহিল হাদী বিন আব্দুল জলীল

'সেহেরি' সঠিক হবে নাকি 'সাহরি/সাহারি'? এ সম্পর্কে বিস্তারিত জানতে চাই

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন,

تَسَحَّرُوا فَإِنَّ فِي السَّحُورِ بَرَكَةً

"তোমরা সাহুর (সেহেরি) করো, কারণ সাহুরে (সেহেরিতে) বরকত রয়েছে।" (বুখারি ও মুসলিম) উক্ত হাদিসে ভোর রাতের খাবার বুঝাতে 'সাহুর' শব্দটি ব্যবহৃত হয়েছে। কিন্তু বাংলা ভাষায় তা সেহেরি/সেহেরী/সেহরি ব্যবহৃত হয়। অর্থাৎ এ শব্দটি এখন বাংলা। এটাই যুগে যুগে বাংলা সাহিত্য, পত্র-পত্রিকা, গল্প-উপন্যাস, পুঁথি-কবিতা ইত্যাদিতে ব্যবহৃত হয়ে আসছে এবং সর্বস্তরের মান্ষের নিকট সপরিচিত।

আর বাংলা ব্যাকরণের দৃষ্টিতে বিদেশী কোন শব্দ যখন বাংলা ভাষায় 'আগুকরণ' হয় তখন সেটাকে পরিবর্তন করা ভাষা বিকৃতির শামিল। যেমন: ইংরেজিতে Table (টেবল) কিন্তু সেটা বাংলায় টেবিল। Apple (এ্যাপল) বাংলায় আপেল। এমন বহু বিদেশী শব্দ বাংলায় প্রবেশ করেছে। এখন কোন অতি পণ্ডিত ব্যক্তি এসে যদি বাংলায় কথা বলার সময় টেবিলকে 'টেবল' আর আপেলকে 'এ্যাপল' বলা শুরু করে তাহলে তা নি:সন্দেহে হাস্যকর ও ভাষা বিকৃতির শামিল বলে গণ্য হবে।

সে কারণে প্রচলিত 'সেহেরি/সেহরি' শব্দকে ভুল আখ্যা দিয়ে 'সাহারি' বলা অনুচিত বলে মনে করি। কারণ সেহেরি শব্দটি বহুল প্রচলিত ও প্রসিদ্ধ বাংলা। তাছাড়া প্রকৃতপক্ষে ভোররাতের খাওয়া বুঝাতে হাদিসে 'সাহুর; শব্দটি ব্যবহৃত হয়েছে; সাহারি নয়।

সুতরাং কেউ হুবহু হাদিসের শব্দ ব্যবহার করতে চাইলে 'সাহুর' শব্দটি ব্যবহার করতে পারে; সেহেরি বা সাহারি কোনটাই নয়।

বাংলা অভিধান (ব্যবহারিক বাংলা অভিধান মতে, সেহেরি/সেহেরী/সেহেরি অর্থ: রোজা রাখার জন্য মুসলমানগণ সুবেহ সাদিকের আগে যে খাবার গ্রহণ করেন। এখানে সাহারি বা সাহারী কোনও বানান নেই।

'সেহেরি' মানে কি যাদু?

অনেকেই বলছেন, 'সেহেরি' মানে না কি যাদু। কিন্তু এ কথা সঠিক নয়। বরং আরবিতে 'সাহরুন' বা 'সিহরুন' উভয় শব্দের অর্থ: যাদু। যেমন: আরবি অভিধানে লেখা হয়েছে,

سحَرَ يَسحَر ، سَحْرًا وسحْرًا ، فهو ساجِر ، والمفعول مَسْحور

আর 'আস সাহারু' অর্থ: শেষ রাত-ফজরের পূর্ব মূহুর্ত।



السَّحَرُ :آخرُ الليل قبيل الفجر

সুতরাং দেখা গেল, 'সেহেরি' শব্দটির অর্থ 'যাদু' বলা অভিধান সঙ্গত নয়।

ভোররাতের খাবার বুঝাতে 'সাহরি' শব্দটি শুদ্ধ নয়:

ভোর রাতের খাবার বুঝাতে 'সাহরী' শব্দটি শুদ্ধ নয়। কারণ হল, হাদিসে 'সাহরী' শব্দের অর্থ: আমার বক্ষ বা সিনা। যেমন: নিম্নোক্ত হাদিসটি,

আয়িশা রা. থেকে বর্ণিত, তিনি প্রায়ই বলতেন,

تُوْفِّيَ فِيْ بَيْتِيْ وَفِيْ يَوْمِيْ وَبَيْنَ سَحْرِيْ وَنَحْرِيْ

"আমার প্রতি আল্লাহর এটা নি'য়ামাত যে, আমার ঘরে, আমার পালার দিনে এবং আমার গণ্ড ও সিনার মাঝে রস্লুল্লাহর (সাল্লাল্লাহু ওয়া সাল্লাম)-এর ইন্তেকাল হয়।" [সহিহ বুখারি, হা/ ৪৪৪৯] সর্বোপরি, এটা এমন কোন শব্দ নয় যে, পরিবর্তন করলে তা শরিয়ত পরিপন্থী কাজ হবে বা গুনাহ হবে। যেমন: কুরআনের আয়াত, আল্লাহর নাম ইত্যাদি।এগুলো পরিবর্তন করা শরিয়ত সম্মত নয়। মোটকথা, সর্বস্তরের বাংলাভাষী মানুষ যে শব্দটি উচ্চারণ করে ও বুঝে এবং বাংলা ভাষা সাহিত্যের সাথে সঙ্গতিপূর্ণ সে শব্দটি অবিকৃত রাখাই ভালো মনে করি। সুতরাং 'সাহরি' নয় বরং 'সেহেরি/সেহরি/সেহেরী' বলাই অধিক উপযুক্ত। এটি একান্তই আমার ব্যক্তিগত অভিমত। এ ক্ষেত্রে যৌক্তিকভাবে যে কেউ দ্বিমত করার অধিকার রাখে। আল্লাহু আলাম।

Source — https://www.hadithbd.com/books/link/?id=15077

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন